

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জন্য এ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালা:

১. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর এ্যাম্বুলেন্স মূলত শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের জরুরি মেডিকেল সার্ভিস পরিচালনার জন্য ব্যবহৃত হবে।
২. বিশ্ববিদ্যালয়ের এ্যাম্বুলেন্স মেডিকেল সেন্টারের আওতাধীন থাকবে।
৩. কর্তব্যরত অবস্থায় কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী অসুস্থ হয়ে পড়লে ডাক্তারগণের পরামর্শে রংপুর সিটি কর্পোরেশনভুক্ত এলাকা অবস্থিত হাসপাতাল/ক্লিনিক আথবা বাসস্থানে নেওয়ার জন্য এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা যাবে। এক্ষেত্রে কোন ভাড়া প্রযোজ্য হবে না।
৪. বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং তাদের পরিবারের সদস্য(মা-বাবা, স্বামী-স্ত্রী, সন্তান ও পোষ্য) অসুস্থ হলে মেডিকেল সেন্টারের দায়িত্বপ্রাপ্ত ডাক্তারের সাথে যোগাযোগ সাপেক্ষে রংপুর সিটি কর্পোরেশনভুক্ত এলাকায় অবস্থিত হাসপাতাল বা ক্লিনিকে পরিবহনের জন্য এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা যাবে। এ্যাম্বুলেন্স ব্যবহারের রিক্যুইজিশন ফরম যথাযথভাবে পূরণপূর্বক মেডিকেল সেন্টারে প্রেরণ করতে হবে অথবা জরুরী প্রয়োজনে এ্যাম্বুলেন্স রক্ষিত রিক্যুইজিশন ফরম পূরণপূর্বক দায়িত্বরত ড্রাইভারকে জমা দিতে হবে। এক্ষেত্রে ভাড়া হিসাবে প্রতি কিলোমিটার ১০/- (দশ) টাকা হারে পরবর্তীতে উক্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের বেতন হতে কর্তন করা হবে।
৫. বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাদের অসুস্থতাজনিত কারণে ডাক্তারের প্রাইভেট চেম্বারে যাওয়ার বা শারীরিক পরীক্ষা-নিরীক্ষার জন্য কোন ক্লিনিক/ডায়গনস্টিক সেন্টারে যাওয়া-আসার জন্য অতি জরুরি ছাড়া অফিস চলাকালীন (সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত) এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা যাবে না।
৬. এ্যাম্বুলেন্স সেবার জন্য দায়িত্বপ্রাপ্ত ডাক্তার ও ড্রাইভারের নির্ধারিত অফিসিয়াল মোবাইল নম্বরে (০১৩১৩০১৩৩৬৬) যোগাযোগ করতে হবে।
৭. এ্যাম্বুলেন্স এর যাত্রা শুরু ও শেষের জিরো পয়েন্ট হবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।
৮. বিশেষ বিবেচনায় বা জরুরি প্রয়োজনে রংপুর সিটি কর্পোরেশনের বাহিরে এ্যাম্বুলেন্স ব্যবহারের জন্য মাননীয় উপাচার্য অথবা উপাচার্য কর্তৃক প্রদত্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির অনুমতি নিতে হবে। তবে কর্তব্যরত অবস্থায় অসুস্থ হয়ে পড়া শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত অন্যদের ক্ষেত্রে এ্যাম্বুলেন্স ব্যবহারের জন্য ভাড়া প্রযোজ্য হবে।
৯. এ্যাম্বুলেন্স ব্যবহারের রিক্যুইজিশন পত্র চীফ মেডিকেল অফিসার অনুমোদন করবেন।
১০. এ্যাম্বুলেন্সে বেআইনী/ অবৈধ মালামাল বহন করা যাবেনা, বহন করলে তার দায়-দায়িত্ব এ্যাম্বুলেন্স ব্যবহারকারীর উপর সম্পূর্ণরূপে বর্তাবে।
১১. এ্যাম্বুলেন্সে অসুস্থ ব্যক্তিকে ক্লিনিক/হাসপাতালে পৌঁছে দেওয়ার পর কোন অবস্থাতেই এ্যাম্বুলেন্সে আটকে রাখা যাবে না। এক্ষেত্রে এ্যাম্বুলেন্সে যাত্রা শুরুর ০১(এক) ঘন্টা পর থেকে ঘন্টা প্রতি অতিরিক্ত =৫০/- (পঞ্চাশ) টাকা হারে চার্জ প্রদান করতে হবে। তবে বিশ্ববিদ্যালয়ের জরুরী প্রয়োজনে চাওয়ামাত্র এ্যাম্বুলেন্সে ফেরত পাঠাতে হবে।
১২. হাসপাতাল/ ক্লিনিকে উত্তীর্ণ রোগীর জন্য পরবর্তী সময়ে তার মালামাল কিংবা দর্শনার্থী বহনের জন্য কোন অবস্থাতেই এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা যাবে না।
১৩. কর্তব্যজনিত কারণে এ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ শুধুমাত্র লগবইয়ে যথাযথভাবে সাক্ষর করবেন এবং ব্যক্তিগতভাবে রিক্যুইজিশনের মাধ্যমে ব্যবহারের ক্ষেত্রে লগবইয়ে স্বাক্ষর করার পাশাপাশি গাড়িতে রক্ষিত রশিদ সংগ্রহ করে তা সংরক্ষণ করবেন।
১৪. এই নীতিমালায় যাহাই থাকুক না কেন এ্যাম্বুলেন্স সেবা প্রদান সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা মাননীয় উপাচার্য সংরক্ষণ করেন।

3/12/2020
36/12/2020

10.12.2020

Chutana
10.12.2020

20/12/2020